ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩০৪
সোনামুড়া, ১২ আগস্ট, ২০২৫

# সোনামুড়ায় হর ঘর তিরঙ্গা র‍্যালি অনুষ্ঠিত

স্বাধীনতা দিবস পালন কর্মসূচির অঙ্গ হিসেবে আজ সোনামুড়া শহরে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে হর ঘর তিরঙ্গা র‍্যালি অনুষ্ঠিত হয়। সোনামুড়া মহকুমা প্রশাসন এবং সোনামুড়া নগর পঞ্চায়েতের যৌথ উদ্যোগে আয়োজিত র‍্যালি নগর পঞ্চায়েত কার্যালয় প্রাঙ্গণ থেকে শুরু হয়ে বিভিন্ন পথ পরিক্রমা করে। সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী, ভাইস চেয়ারপার্সন শাহজাহান মিঞা, সোনামুড়া ডিসিএম প্রবীর সাহা সহ বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা র‍্যালিতে অংশ নেয়।

******